

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২০, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ৫ই বৈশাখ ১৪০৭/১৮ই এপ্রিল ২০০০

এস, আর, ও নং ১০০-আইন/২০০০/১৮০২/শুল্ক-সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে ও জনস্বার্থে Customs Act, 1969 (IV of 1969) এর section 19, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এবং অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ধারা ৭ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে বেসরকারী ঋতে বিদ্যুৎ উৎপাদনের নিমিত্ত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র (Power Generation Station) স্থাপনের লক্ষ্যে স্থায়ীভাবে আমদানিকৃত প্লান্ট ও ইকুইপমেন্ট এর মন্ত্রাংশকে, নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে, উহাদের উপর আরোপনীয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক ও অবকাঠামো উন্নয়ন সারচার্জ হইতে অব্যাহতি প্রদান করিল।

শর্ত

- ১। আমদানিকৃত প্লান্ট ও ইকুইপমেন্টের চালানের মূল মূল্যের সর্বোচ্চ দশ শতাংশ মূল্যের মন্ত্রাংশ (Spare Parts) আমদানি করা যাইবে।
- ২। প্লান্ট এবং ইকুইপমেন্ট আমদানির তারিখ হইতে বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদন শুরুর হওয়ার ১২ বৎসর পর্যন্ত আমদানিকৃত মন্ত্রাংশের জন্য এই অব্যাহতি প্রযোজ্য হইবে।

(১৪০৫)

মূল্য : টাকা ২.০০

- ৩। বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তা, ডাইরেক্টর জেনারেল (পাওয়ার সেল), পল্লী বিদ্যুতায়ন বোর্ডের চেয়ারম্যান, বা বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান অতঃপর প্রত্যয়নকারী কর্তৃপক্ষ বলিয়া অভিহিত, এর নিকট হইতে পরিশিষ্ট-ক এ বিধৃত বিষয়ে চালানওয়ারী একটি প্রত্যয়নপত্র আমদানিকৃত যন্ত্রাংশ খালাসের সময় সংশ্লিষ্ট শুল্ক ক্ষেত্রে দাখিল করিতে হইবে।
- ৪। প্রতিটি চালান খালাসের পূর্বে আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কমিশনার বরাবরে পরিশিষ্ট-খ অনুযায়ী একটি অঙ্গিকারনামা দাখিল করিতে হইবে।

### পরিশিষ্ট-ক

#### প্রত্যয়নপত্র

প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স.....বেসরকারী খাতে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ সরকারের সহিত চুক্তিবদ্ধ একটি প্রতিষ্ঠান/বাংলাদেশ সরকারের সহিত চুক্তিবদ্ধ একটি বেসরকারী খাতে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র। প্রতিষ্ঠানটি এখনও বাণিজ্যিক উৎপাদনে যায় নাই/প্রতিষ্ঠানটি বিগত.....বাং.....ইং তারিখ হইতে বাণিজ্যিক উৎপাদন শুরু করিয়াছে। আমদানিকৃত যন্ত্রাংশ ইনভয়েস নং..... তারিখ..... বিল অব লোডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিস্ট নং..... তারিখ..... এর মাধ্যমে আমদানিকৃত প্লান্ট ও ইকুইপমেন্ট এর যন্ত্রাংশ। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ইনভয়েস নং..... তারিখ..... বিল অব লোডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিস্ট..... তারিখ..... এ উল্লিখিত বিবরণ, পরিমাণ ও মূল্য অনুযায়ী আমদানিকৃত যন্ত্রাংশ উল্লিখিত প্লান্ট ও ইকুইপমেন্টে ব্যবহৃত হইবে।

স্বাক্ষর :

নাম :

পদবী :

সীল :



পরিশিষ্ট-খ

**অঙ্গীকারনামা**

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার ও প্রত্যয়ন করিতেছি যে, ইনভয়েস নং.....  
তারিখ..... বিল অব লোডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিস্ট নং.....  
তারিখ..... এর মাধ্যমে আমদানিকৃত বস্ত্রাংশ ইনভয়েস নং.....  
তারিখ..... বিল অব লোডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিস্ট নং.....  
তারিখ..... এর মাধ্যমে আমদানিকৃত প্লান্ট ও ইকুইপমেন্ট এর বস্ত্রাংশ।  
আমি/আমরা আরো অঙ্গীকার করিতেছি যে, আমদানিকৃত বস্ত্রাংশ উল্লিখিত প্লান্ট ও  
ইকুইপমেন্ট ব্যতীত অন্য কোন প্লান্ট ও ইকুইপমেন্টে সংযোজিত/ব্যবহৃত হইলে আমি/আমরা  
আমদানিকালে উহার উপর প্রযোজ্য সকল শুল্ক ও কর পরিশোধ করিতে বাধ্য থাকিব এবং উহার  
জন্য Customs Act, 1969 (IV of 1969) এর আওতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইলে  
আমরা তাহা মানিয়া লইতে বাধ্য থাকিব।

প্রতিষ্ঠানের নাম :

ঠিকানা :

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালকের নাম ও স্বাক্ষর :

তারিখ :

রাষ্ট্রপতির আদেশক্রমে

আব্দুল কাসেম

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,  
ঢাকা কর্তৃক মদ্রিষ্ট।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।